ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৮৮

আগরতলা, ১৬ আগস্ট, ২০২৫

**আউটসোর্সিং কর্মচারীদের সময়মত পূজার বোনাস প্রদানে শ্রমমন্ত্রীর গুরুত্বারোপ**

আজ শহীদ ভগৎ সিং যুব আবাসের কনফারেন্স হলে শ্রমমন্ত্রী টিঙ্কু রায়ের সভাপতিত্বে আউটসোর্সিং কর্মচারীদের আসন্ন দুর্গাপূজার বোনাস প্রদান সংক্রান্ত বিষয়ে কনট্রাক্টরস এবং আউটসোর্সিং এজেন্সিদের সঙ্গে এক রাজ্যভিত্তিক সভা অনুষ্ঠিত হয়। সভায় আসন্ন দুর্গাপূজায় আউটসোর্সিং কর্মচারীদের সময়মত বোনাস প্রদানের লক্ষ্যে আউটসোর্সিং এজেন্সিদের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়। সময়মত আউটসোর্সিং কর্মচারীদের বোনাস প্রদানের জন্য শ্রমমন্ত্রী টিঙ্কু রায় সভায় গুরুত্বারোপ করেন। এই পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন রাজ্যের লেবার কমিশনার বিশ্বজিৎ পাল, যুগ্ম লেবার কমিশনার বিনয় ভূষণ দাস, সচিব টি কে দেবনাথ সহ রাজ্যের আউটসোর্সিং কোম্পানীর কর্মকর্তাগণ।

সভার শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় শ্রমমন্ত্রী জানান, রাজ্যে প্রায় ৪০টি আউটসোর্সিং কোম্পানী রয়েছে। যাদের মাধ্যমে ব্যাপক সংখ্যক মানুষ বিভিন্ন কাজের সাথে যুক্ত রয়েছেন। তাদের সকলের পূজোর বোনাস গত বছরের তুলনায় বাড়ানো যায় কিনা সে বিষয়েও আউটসোর্সিং এজেন্সি এবং কনট্রাক্টরসদের সঙ্গে আলোচনা হয়েছে।

*******